গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

## দিনাজপুর জেলার বিরল উপজেলা পরিষদের **জুলাই/২০২৫** মাসের সাধারণ সভার কার্যবিবরণী:-

| | | | |
|---|---|---|---|
| সভাপতি : | জনাব ইন্দ্রজীত সাহা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক (ভারপ্রাপ্ত)<br>উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর। | তারিখ<br>সময়<br>রোজ<br>স্থান | : ২৪/০৭/২০২৫খ্রিঃ<br>: সকাল ১১.০০ ঘটিকা<br>: বৃহস্পতিবার<br>: উপজেলা পরিষদ কনফারেন্স রুম |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর গত জুন/২০২৫ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

| বিভাগের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১।উপজেলা স্বাস্থ্য বিভাগঃ- | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরল, দিনাজপুর এর প্যাথলোজি বিভাগের জন্য মেডিক্যাল ইকুইপমেন্ট বায়োকেমিষ্ট্রি এনালাইজার মেশিন ও সেল কাউন্টারমেশিন রোগ নির্নয়ের প্যাথলোজিক্যাল পরীক্ষার মাধ্যমে সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে এবং রোগীদের উন্নত চিকিৎসা সেবা প্রদানে জরুরি প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরল, দিনাজপুর এর প্যাথলোজি বিভাগের জন্য মেডিক্যাল ইকুইপমেন্ট বায়োকেমিষ্ট্রি এনালাইজার মেশিন ও সেল কাউন্টারমেশিন রোগ নির্নয়ের প্যাথলোজিক্যাল পরীক্ষার মাধ্যমে সঠিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করণের লক্ষ্যে মেশিন ০২টি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে প্রকল্পের মাধ্যমে প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার |
| ২। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি তার কার্যালয়ের নিম্নোক্তভাবে কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন:<br>০১। সরকারিভাবে কৃত্রিম প্রজনন-৫০০টি গাভী।<br>০২। সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ: গবাদিপশু-৯৫৬মাত্রা, হাঁস-মুরগী-৫৫০০০ মাত্রা,<br>৩। বিনামূল্যে চিকিৎসা প্রদান: গবাদিপশু-৩৭৫৫টি, পোল্ট্রি-৩২৫০০টি, পোষাপ্রাণী-০৩টি<br>৪। নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ: ১২টি<br>৫। খামারী প্রশিক্ষণ: ৭০জন<br>৬। উঠান বৈঠক আয়োজন: ০৪টি<br>৭। খামার রেজিস্ট্রেশন: ০১টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প আয়োজন: ০১টি। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

<table>
<tr>
<td>৩।উপজেলা কৃষি বিভাগ:-</td>
<td>উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ-১ম সংশোধিত প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে মেকানাইজেশন হাব গঠণের লক্ষ্যে উপজেলা কৃষি অফিসের আওতায় ৩,১০০ (তিন হাজার একশত) বর্গফুট আয়তনের ০৩(তিন) তলা ভিত সম্পন্ন একতলা ভবন নির্মাণ করা হবে। উপজেলা পরিষদ/ উপজেলার নিজস্ব জায়গায় ১ম পর্যায়ে ৬০টি উপজেলায় পাইলট আকারে উক্ত স্থাপনা নির্মাণ করা হবে। বিরল উপজেলা দিনাজপুরের পক্ষ হতে প্রস্তাবনা প্রেরণ করা হলে পরবর্তীতে কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রম ব্যাপকভাবে বেগবান হবে উন্নত কৃষি যন্ত্রপাতি সহজে সংরক্ষণ ও রক্ষনাবেক্ষণ করা যাবে। উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর সভাকে জানান বিরলের সার্বিক কৃষি উন্নয়নে এই কার্যক্রম অবশ্যই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা কৃষি অফিসার</td>
</tr>
<tr>
<td>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৭/০৭/২০২৫ তারিখে উপজেলা পর্যায়ে ২৪ শে এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।<br>২। ২২/০৭/২০২৫ তারিখে এসইডিপি প্রকল্পের মাধ্যমে পিবিজিএসইআই কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০২২ ও ২০২৩ শিক্ষা বর্ষের মেধাবী ৩৮জন শিক্ষার্থীর মাঝে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ করা হয়।<br>৩। জুলাই গণঅভুত্থান/২০২৪ উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।<br>৪। জলবায়ু সচেতনতা উপলক্ষ্যে অত্র উপজেলার ৬১টি শিক্ষা প্রতিষ্ঠানে লেইস প্রজেক্টের মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে প্রদান করা হয়। একটি ফলজ ও একটি বনজ গাছ লাগানো, দেয়ালিকা প্রকাশ এবং বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের জন্য উক্ত অর্থ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বিরল, দিনাজপুর আগামী ২৯/০৭/২০২৫খ্রি: তারিখে ইএফটি এর মাধ্যমো শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্টে প্রদান করবেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, শুধু মাত্র সরকারি প্রাথমিক প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রাথমিক বৃত্তি পরীক্ষা নেয়া হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৬। উপজেলা প্রকৌশল বিভাগ</td>
<td>উপজেলা প্রকৌশলী সভায় প্রস্তাব রাখেন যে, দীর্ঘদিন যাবত বিরল উপজেলা পরিষদ চত্বরে ৬টি মরা গাছ আছে যাহা ঝুকিপূর্ণ । উক্ত গাছগুলি বিধি মোতাবেক টেন্ডারে বিক্রয় করা প্রয়োজন। যাহা গত ০৭/০৭/২০২৫খ্রি: তারিখে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ বিক্রয় কমিটির সভায় আলোচনান্তে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং পরিপত্র অনুযায়ী উপজেলা মাসিক সমন্বয় সভার অনুমতি প্রয়োজন।</td>
<td>এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে উপজেলা পরিষদের উক্ত গাছগুলি নিলামে বিক্রয়ের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)</td>
</tr>
<tr>
<td>৭। উপজেলা মৎস্য বিভাগ</td>
<td>উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে,<br>(১) মৎস্য খাদ্য ও মৎস্যখাদ্য উপকরন সংক্রান্ত লাইসেন্স নবায়ন ০৫টি<br>(২) মৎস্য খাদ্য নমুনা পরীক্ষা-০২টি<br>(৩) মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নের পরিদর্শন ও পরামর্শ প্রদান ২৩জনকে<br>(৪) বিভিন্ন প্যাকেজের উপর প্রদর্শনী স্থাপন-১১ টি<br>(৫) বিল নার্সারী স্থাপন-০২ টি<br>(৬) মাঠ দিবস ২টি সম্পাদন<br>(৭) চলমান প্রদর্শনীগুলো মনিটরিং ও প্রয়োজনীয় পরামর্শ অব্যাহত রয়েছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা মৎস্য অফিসার</td>
</tr>
<tr>
<td>৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলোঃ
<table>
<tr><th>শ্রেণী ভিত্তিক প্রকল্পের বিবরণ</th><th>গৃহীত প্রকল্পের সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা/গম/চালের পরিমান</th><th>সম্পূর্ণ প্রকল্পের সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ঢেউটিন ক্রয় বাবদ প্রাপ্ত বরাদ্দ ১ম, ২য়, ৩য়, ৪র্থ পর্যায়</td><td></td><td>১২,০০,০০০/-</td><td>১৫ বান্ডিল</td><td>মজুদ</td></tr>
<tr><td>শুকনা ও অন্যান্য খাবার ১ম, ২য় পর্যায়</td><td>৩৩৮ প্যাকেট</td><td>৬,০০,০০০/-</td><td></td><td>মজুদ</td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৯। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:-</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, বিরল উপজেলা তথা বাংলাদেশের সকল উপজেলায় জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর সংকট চলছে। অচিরেই এ সমস্যার সমাধান হবে বলে অভিমত ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলোঃ
<table>
<tr><th>পদ্ধতির নাম</th><th>প্রক্ষেপন</th><th>অর্জন</th><th>অর্জনের হার</th></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৮৪২</td><td>২৮৪</td><td>১৫%</td></tr>
<tr><td>ইনজেকটেবল</td><td>৩৯৬৭</td><td>১৩০</td><td>৩%</td></tr>
<tr><td>কনডম</td><td>৩৩১</td><td>৩০</td><td>৯%</td></tr>
<tr><td>টিউবেকটমি</td><td>১৪</td><td>৪</td><td>২৯%</td></tr>
<tr><td>ভেসেকটমি</td><td>৩</td><td>-</td><td>০%</td></tr>
<tr><td>আইইউডি</td><td>১৩</td><td>১</td><td>৮%</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৭২</td><td>৫১</td><td>৭১%</td></tr>
</table>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>গর্ভবতীর সংখ্যা</th><th>প্রসবর্পূব সেবা</th><th>প্রসব পরবর্তী সেবা</th></tr>
<tr><td>০১</td><td>১২৬৮</td><td>৩২৯</td><td>২৮</td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে<br>১। জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর সংকট নিরসনে আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২।চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td>
</tr>
<tr>
<td>১০। উপজেলা নির্বাচন অফিস</td>
<td>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নীতিমালার আলোকে অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাচন অফিসার,বির</td>
</tr>
<tr>
<td>১১। উপজেলা যুব উন্নয়ন বিভাগ:-</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বলেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরে বায়োগ্যাস প্লান্টস্থাপন ও খামার সম্প্রসারন প্রকল্পের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। তবে গত জুন/২০২৫ মাসে ৭(সাত) জন বায়োগ্যাস প্ল্যান্টস্থাপন ও খামার সম্প্রসারন প্রকল্পে চলতি মাসে অনুমোদন সাপেক্ষে ১০,৫০,০০০/- (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যুবঋণ বিতরন করা হয়েছে। তাদের মধ্যে ৪(চার) জনের বায়োগ্যাস প্রকল্পে চুলা জ্বলছে এবং ০২(দুই)জন গোবর চার্জ করছে। অপর একজনের কাজ চলমান রয়েছে। আদায়ের হার ১০০% । দপ্তরের সকল কার্যাদী স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td>
</tr>
<tr>
<td>১২। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নোক্তভাবে আলোচনা করা হলো।<br><br>ক) ভিডব্লিউবিঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ২০২৫-২০২৬ ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি ) চক্রের চূড়ান্ত নামের তালিকা যাচাই-বাছাইঅন্তে কিছু নাম বাদ যাবে। যা পরবর্তীতে সংশোধন করে তালিকা ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হবে।<br><br>গ) মা ও শিশু সহায়তা কর্মসূচীঃ বিরল উপজেলার ১২টি ইউনিয়ন ও ০১টি পৌরসভার ভাতাভোগীদের মাঝে mis মাধ্যমে ভাতা পরিশোধ করা হচ্ছে।<br><br>ঘ) নারী ও শিশু নির্যাতন মামলা তদন্ত কার্যক্রমঃ চলতি মাসে উপজেলা কমিটিতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে সরাসরি কোন আবেদন পাওয়া যায় নাই। মাননীয় আদালত হতে কোন মামলা পাওয়া যায় নাই।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার</td>
</tr>
<tr>
<td>১৩। উপজেলা সমাজসেবা বিভাগ</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তাঁর কার্যালয় বিরলের আওতায় সকল ভাতাভোগীদের জুন ২০২৫ পর্যন্ত ভাতার অর্থ পবিত্র ঈদুল আযহার আগে মোবাইলে ভাতাভোগীদের পাঠানো হয়েছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন গ্রান্ট এর অর্থ নীতিমালা মোতাবেক বিতরণ করা হয়েছে। ক্যান্সার, কিডনি রোগ, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইসিস ও থ্যালাসেমিয়া এই ছয়টি জটিল রোগের অনুদানের জন্য আবেদন সব সময় করা যায়। এই ছয়টি রোগে আক্রান্তদের অনলাইনে আবেদন করার সুযোগ আছে মর্মে সভায় জানান।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার</td>
</tr>
<tr>
<td>১৪। ইউআরসি</td>
<td>ইন্সট্রাক্টর, ইউআরসি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে নিম্নোক্তভাবে প্রতিবেদন দাখিল করেন।<br>ক) স্টাফ মিটিং খ) পাঠদান পর্যবেক্ষণ ও পরামর্শ প্রদান। গ) উপজেলা কর্তৃক বিভিন্ন দায়িত্ব পালন। ঘ) সাব-ক্লাস্টার ম্যানুয়াল তৈরি। ঙ) পাঠদান পর্যবেক্ষণ ও পরামর্শ প্রদান চ) বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। ছ) পিটিআই কর্তৃক আয়োজিত বিভিন্ন মিটিংয়ে অংশগ্রহণ। জ) উপজেলা কর্তৃক আয়োজিত বিভিন্ন মিটিংয়ে অংশগ্রহণ। সকল বিভাগীয় কার্যক্রম ১০০% বাস্তবায়ন করা হয়েছে মর্মে সভায় জানান।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>ইন্সট্রাক্টর ইউআরসি বিরল, দিনাজপুর।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিরলের ১৪৪টি নলকূপের মধ্যে ৭১টির স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৭৩টি নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে, যা জুলাই/২০২৫খ্রি: মাসের মধ্যে সম্পন্ন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬। বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম বিএমডিএ বিরল জোন দপ্তরের আওতায় ১১৭গভীর নলকূপ, ৯টি সোলার এলএলপি ও ০৫টি পাতকুয়ার মাধ্যমে ২৫৭৫ হেক্টর জমিতে চলতি আমন মৌসুমে সুষ্ঠুভাবে সেচ প্রদান করা হয়েছে। আমন ধান রোপন কাজ চলমান আছে। সকল সেচযন্ত্র সেচ প্রদানের জন্য প্রস্তুত রাখা হয়েছে। বিশ্বনাথপুর সোলার এলএলপি স্কীমে বিদ্যুৎ সংযোগ প্রদন করে ডুয়েল পাওয়ার সোর্স সৃষ্টি করা হয়েছে। নেট মিটারিং করার কাজ প্রক্রিয়াধীন আছে। নেট মিটারিং করা হলে ২০ কিলোওয়াট লোড জাতীয় গ্রীডে যুক্ত হবে । বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্টভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ |
| ১৭। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগে ০৯টি প্রকল্প/ কর্মসূচী চলমান রয়েছে। জুন/২৫মাসে ১০জন সুফলভোগিদের মাঝে ৫.৪০ লক্ষ টাকা ঋন বিতরণ করা হয় এবং সকল প্রকল্প/কর্মসূচী থেকে ঋনী সদস্যদের কাছ থেকে ০৫.৯০ লক্ষ টাকা বকেয়া ঋন আদায় করা হয়। আবার ৪০জন সুফলভোগীদেরকে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮।উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। ০১। মোট সমিতির সংখ্যা: -৪৩৯টি, ২। অডিটযোগ্য সমিতি-৪৩০টি, ৩। আশ্রয়ন প্রকল্পে ঋণ বিতরণ: ৮,৬০,৮০০/- ৪। বিশ্বনাথপুর আশ্রয়ন প্রকল্প-২ এ ঋণ বরাদ্দ=৭,৫০,০০০/- ৫। ভ্রাম্যমাণ প্রশিক্ষণ: ক) ভ্রাম্যমাণ প্রশিক্ষন-০৪, খ) প্রাক নিবন্ধন প্রশিক্ষন-০৯, গ) সমবায় শিক্ষায়তন, রংপুর-০৪ ঘ) বাংলাদেশ সমবায় একাডেমী , কুমিল্লা-০২ , ৬। মোট সমিতি পরিদর্শন-৪৩৯, ৭। মোট সমিতি মনিটরিং-১৪টি । | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় অফিসার |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগ:- | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিরল উপজেলায় খাদ্যবান্ধব কমসূচির আওতায় ২৩জন নতুন ডিলার নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে অভ্যন্তরীন বোরো সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। পল্লী বিদ্যুৎ সমিতি, বিরল জোন | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, দিনাজপুর-১, বিরল জোনাল অফিস সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ডিজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি ১, বিরল জোন |
| ২১। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২২। আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি অফিসার জানান যে,<br>১। বিরল উপজেলায় ২২।০৫।২০২৫ খ্রিঃ cyber security best practices for office এর উপর ২০জন কর্মকর্তাদের ১ (এক)দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>২। বিরল উপজেলায় ১৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে ICT ডিজিটাল ল্যাব রয়েছে। মে মাসে ৩ টি শিক্ষা প্রতিষ্ঠান যথাঃ (১) বিরল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, (২) মুন্সিপাড়া উচ্চ বিদ্যালয়,(৩) বিরল মহিলা কলেজ পরিদর্শন করা হয়।<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর আওতায় EDC প্রকল্প হতে ২৭২টি শিক্ষা প্রতিষ্ঠান ইউনিয়ন ভূমি অফিস ও কমিউনিটি ক্লিনিক গুলোতে ১ মাসের প্যাকেজ ফ্রি ইন্টারনেট সংযোগ এর কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আইসিটি অফিসার |
| ২৩। উপজেলা হিসাব রক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২৪। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মুলত সকল প্রকার শুমারী/জরীপ কাজ পরিচালনা করে থাকে। তারই ধারাবাহিকতায় অর্থনৈতিক শুমারী ২০২৪ এর Post Enumeration Check (PEC) বা শুমারী পরবর্তী যাচাই কাজ বিরল উপজেলায় একটি নমুনা এলাকায় Bangladesh Institute of Development Studies কর্তৃক পরিচালিত হচ্ছে। এছাড়া মাসিক নিয়মিত কাজ হিসেবে বোরো ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৫।পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরল সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন।<br>সমিতিঃ ৩৪২টি<br>সদস্য সংখ্যাঃ ১৫৩৪৯ জন<br>সঞ্চয় আদায়ঃ ৬,৩০ লক্ষ টাকা<br>২০২৪-২০২৫ অর্থবছরের লভ্যাংশঃ ৭৫.৯০ লক্ষ<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৬। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার সভায় জানান যে, বিরল উপজেলায় তাঁর বিভাগের মোট সদস্য সংখ্যা-৩১৮২জন, মোট ঋণীর সংখ্যা-১৯২৭জন, মোট ঋণ বিতরণ-৪৫০.৫০ লক্ষ টাকা, খেলাফীর পরিমাণ-১২৫.০০ লক্ষ টাকা এবং বার্ষিক সঞ্চয় আদায়-৩৮০.৩০ লক্ষ টাকা মাত্র। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার বিরল |
| ২৭। বন বিভাগ। | বন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বিট কর্মকর্তা সামাজিক বন বিভাগ |
| ২৮। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুর সভায় জানান যে, বিরল উপজেলায় মোট মসজিদের সংখ্যা: ৭৯৮টি, ১৩০টি মসজিদে মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলছে। ৯০টি মসজিদে কুরআন শিক্ষা এবং ৪০টি মসজিদে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে ১,৪২,০০০/-টাকা যাকাত আদায় করা হয়েছে এবং ২,২৭,০০০/-টাকা যাকাত বিতরণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |
| ২৯। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ক) উপজেলা ডেভেলপম্যান্ট ফ্যাসিলিটেটর, বিরল, দিনাজপুর কোন উপজেলাকে কোন বছরের বরাদ্দ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট উপজেলার কর্মদক্ষতা মূল্যায়ন করা হয়। যা আগামীতেও করা হবে পরিষদের ওয়েবপোর্টালে অন্যান্য তথ্যসহ নিম্নে বর্ণিত তথ্যসমূহ অবশ্যই হালনাগাদ থাকতে হবে।<br>০১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:<br>০২) ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী:<br>০৩) চলতি অর্থবছরের অনুমোদিত বাজেট<br>০৪) অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরকল্পনা<br>০৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা<br>০৬) অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রতিবেদন।<br>০৭) বার্ষিক আয়-ব্যয় বিবরণী:<br>খ) উপজেলা পরিষদের গঠনতন্ত্র অনুযায়ী উপজেলা ১৭টি কমিটির দ্বিমাসিক সভার বাধ্যবাধকতা রয়েছে। তাই পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভার নোটিশ, হাজিরা ও রেজুলেশন নিয়মিতভাবে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য ০১সেট সভার নোটিশ, হাজিরা ও রেজুলেশন পরিষদের স্টেনো-টাইপিষ্ট জনাব মো: আনিছুর জামান এর নিকট জমা করলে তিনি সহকারী প্রোগ্রামার এর সহায়তায় তথ্যসমূহ আপালোড করতে পারেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ইউডিএফ |
| ৩০।প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার | ক) প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার উপজেলা পরিষদের মাসিক আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**জুন/২০২৫খ্রি: মাসে আয়:**<br>১। ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর কর হতে : ১৩,২৬,৩১৮/-<br>২। বাসাবাড়ী হতে -<br>**জুন/২০২৫খ্রি: মাসে ব্যয়:**<br>১। মালির দৈনিক মুজুরী বাবদ =১১,০০০/-<br>২। সুইপার দৈনিক মুজুরী বাবদ = ১০,০০০/-<br>৩। আপ্যায়ন বাবদ ব্যয় = ৩০,০০০/-<br>৪। আনুষাংগিক খরচ বাবদ ব্যয় =৫,০০০/-<br>৩। বিদ্যুৎ বিল বাবদ ব্যয় =৮০,৬৩৬/- | i) বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো।<br>ii) প্রতি মাসে উপজেলা পরিষদের মাসিক সভায় আয়- | প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ৪। বিজ্ঞাপন ব্যয় =৫০,৮৯২/-<br>৫। জীপ গাড়ীর মবিল ক্রয় = ১২,০০০/-<br>৬। জীপ গাড়ীর জ্বালানী ক্রয় =২৪,৯৬৪/-<br>সর্বমোট = ১৩,২৬,৩১৮/- সর্বমোট=২,২৪,,৪৯২/- | ব্যয়ের হিসাব দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | খ) প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে জুলাই/২০২৫ মাসে উপজেলা পরিষদের আগাছা পরিস্কার-পরিচ্ছন্নতা বাবদ ১৩,২০০/- (তের হাজার দুইশত) টাকা শ্রমিকদের দৈনিক মজুরী হিসাবে খরচ করা হয়েছে। | এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলের পরিস্কার পরিচ্ছন্নতা ও বর্জব্যবস্থাপনা খাত হতে বিলটি পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| | গ) প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার সভায় জানান যে, উপজেলা রাজস্ব তহবিলের নীতিমালা অনুযায়ী ৩০জুন/২০২৫ এ স্থিতিকৃত অর্থের পরমান ১,০৪,৫৮,৫৭৫/৫৩( এককোটি চারলক্ষ আটান্ন হাজার পাঁচশত পচাত্তর টাকা তেপ্পান্ন পয়সা মাত্র যাহা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে গত-২০/০৭/২০২৫খ্রি: তারিখে উক্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিল নং-২৬৭, রাকাব, বিরল শাখায় স্থানান্তর করা হয়েছে। উপজেলা উন্নয়ন তহবিলে বর্তমানে স্থিতির পরিমাণ=১,৩১,৫৭,৫৭৩/৫৩ (এককোটি একত্রিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত তেহাত্তর টাকা তেপ্পান্ন পয়সা) মাত্র। | এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থবছরে ৩০ জুন, ২০২৫ তারিখে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতিকৃত অর্থ ১৩১৫৭৫৭৩/৫৩ (এক কোটি একত্রিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত তেহাত্তর টাকা তেপ্পান্ন পয়সা) মাত্র উপজেলা উন্নয়ন তহবিল নং-২৬৭, রাকাব, বিরল শাখায় স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৭/২৫

ইন্দ্রজীত সাহা
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

স্মারকনং-০৫.৫৫.২৭১৭.০০০.০০৮.০০১.২৫-৯৭১(৫০)

তারিখ: ২৪/০৭/২০২৫খ্রি

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১. মন্ত্রিপরিষদ সচিব , মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
০৬. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৮. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
০৯. প্রশাসক, বিরল পৌরসভা, দিনাজপুর।
১০. উপজেলা ....................অফিসার, বিরল, দিনাজপুর।
১১. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১,বিরল জোনাল অফিস, দিনাজপুর।
১২. চেয়ারম্যান,..........................ইউনিয়ন পরিষদ (সকল), বিরল, দিনাজপুর।
১৩. অফিস কপি।

২৪/৭/২৫

উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।